দৈনিক বাংলা

তারিখ ... 17 OCT 1991 ... ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৫ ...

67

# দুর্নীতির অভিযোগে কলেজ অধ্যক্ষ গ্রেফতার

।। নিজস্ব সংবাদদাতা ।।

কুমিল্লা, ১৬ই অক্টোবর।— বিভিন্ন উপজেলা অফিসারের স্বাক্ষর জালসহ ভুয়া শিক্ষা বিরতি পরিমার্জন পত্র প্রত্যয়নের অভিযোগে কুমিল্লা সাহেবাবাদ ডিগ্রি কলেজের অধ্যক্ষ জয়নাল আবেদীনকে গতরাতে গ্রেফতার করা হয়েছে।

বিভিন্ন সূত্রে প্রাপ্ত অভিযোগ পেয়ে কুমিল্লা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক জনাব মোহাম্মদ খোদা রাখার নেতৃত্বে বোর্ডের একটি তদন্ত টীম আকস্মিকভাবে সাহেবাবাদ কলেজ পদির্শনে যান। ব্রাহ্মণপাড়া উপজেলা ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে সেখানে শিক্ষা বিরতি পরিমার্জন পত্রগুলো পরীক্ষা করে দেখা যায় ব্রাহ্মণপাড়া উপজেলার বিভিন্ন অফিসারের সই জাল করে উক্ত অধ্যক্ষ মোট ১৮০ জন ছাত্রের সনদে স্বাক্ষর করে বোর্ডের রেজিস্ট্রেশন নিয়েছে। এই ছাত্ররা এবার উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে। তদন্ত কমিটিতে ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট জনাব রেজাউল করিম, বোর্ডের ডেপুটি কন্ট্রোলার ও কলেজ পরিদর্শক জনাব মোহাম্মদ খোদা রাখা।

এদিকে এডিসি (জেনারেল) কাজী ফরিদ আহমদের নেতৃত্বে জেলা প্রশাসন আর একটি তদন্ত কমিটি গঠন করেন।